গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
আইসিটি শাখা

"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজডকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা'র কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ফরিদা পারভীন<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ২৩/০৮/২০২১ খ্রিঃ |
| সভার সময় | বেলা ১২ঃ০০ টা |
| স্থান | অনলাইন zoom প্ল্যাটফর্ম |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজডকৃত সেবা সংক্রান্ত সভা'র কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রোগ্রামার (ইনোভেশন টীমের সদস্য সচিব) সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় আলোচ্যসূচি ভিত্তিক মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা, বাংলাদেশ শিশু একাডেমি এবং জয়িতা ফাউন্ডেশন হতে উপস্থিত প্রতিনিধিগণ বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজডকৃত সেবা উপস্থাপনা করেন।

০২। সভায় আলোচ্যসূচি মোতাবেক নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচ্য বিষয় | বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত |
|---|---|---|
| মহিলা বিষয়ক অধিদপ্তর এর কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি | মহিলা বিষয়ক অধিদপ্তরের ইতিমধ্যে ২১ টি উদ্ভাবনী উদ্যোগের মধ্যে ১৮টি বাস্তবায়িত হয়েছে বলে উপস্থাপনায় উল্লেখ করা হয়। ০৩ টির কার্যক্রম চলমান রয়েছে। ২০২০-২০২১ অর্থবছরে স্বেচ্ছাসেবী সংগঠন সমূহের নিবন্ধন প্রক্রিয়া সেবাটি ডিজিটাইজ করা হয়েছে বলে উল্লেখ করা হয়। একই সাথে ২০২০-২০২১ অর্থবছরে ক্ষুদ্রঋণ সেবা কার্যক্রমটি সেবা সহজীকরণের আওতায় গৃহীত হয়েছে যার কার্যক্রম চলমান। প্রতিবেদন সংযুক্ত (পতাকা-ক) | মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত সকল আইডিয়ার বিস্তারিত বাস্তবায়ন অগ্রগতি রিপোর্ট মন্ত্রণালয়ে দ্রুত প্রেরণ করতে হবে।<br>মহিলা বিষয়ক অধিদপ্তরের আইডিয়া সমূহের বাস্তবায়ানাধীন এলাকায় নিয়মিত পরিদর্শন/ই-মনিটরিং করতে হবে।<br>উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার তথ্য স্ব স্ব তথ্য বাতায়নে হালনাগাদ করতে হবে।<br><br>বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ মহিলা বিষয়ক অধিদপ্তর। |

| | | |
|---|---|---|
| জাতীয় মহিলা সংস্থা এর কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি | জাতীয় মহিলা সংস্থা'র ২০১৯-২০২০ অর্থবছরে 'প্রশিক্ষণ ভাতা প্রদান প্রক্রিয়া সহজীকরণ' কার্যক্রমটি উদ্ভাবনের আওতায় নেয়া হয়েছিল যা বাস্তবায়ন সম্ভব হয়নি। উদ্যোগটি ২০২১-২০২২ অর্থবছরে পুনরায় গ্রহণ করা হবে বলে জানানো হয়।<br>জাতীয় মহিলা সংস্থা'র ২০২০-২০২১ অর্থবছরে 'জাতীয় মহিলা সংস্থা পরিচালিত কর্মজীবি মহিলা হোস্টেলের সীট বরাদ্দসহ হোস্টেল ম্যানেজমেন্ট সিস্টেম অনলাইনে বাস্তবায়ন' উদ্যোগটি বাস্তবায়ন করা হয়েছে। ইতোমধ্যে সংস্থার কর্মজীবি মহিলা হোস্টেলে অনলাইনের মাধ্যমে আবেদন গ্রহণ করা হচ্ছে। অনলাইনে আবেদন গ্রহণের পর গত ০৯/০৬/২০২১ তারিখ উক্ত আবেদনসমূহ যাচাই পূর্বক ভর্তি কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br>প্রতিবেদন সংযুক্ত (পতাকা-খ) | জাতীয় মহিলা সংস্থা ইতোপূর্বে গৃহীত 'প্রশিক্ষণ ভাতা প্রদান প্রক্রিয়া সহজীকরণ' প্রক্রিয়াটি'র বাস্তবায়ন পরিকল্পনা সহজীকরণের উদ্যোগ গ্রহণ করবেন।<br>অনলাইন এ হোস্টেলের আবেদন গ্রহণ নিয়মিত ভিত্তিতে করতে হবে এবং যথাসময়ে নিষ্পন্ন করতে হবে।<br>মহিলা বিষয়ক অধিদপ্তরের হোস্টেল সমূহে অনুরূপ সিস্টেম বাস্তবায়ন করা যায় কিনা তা মহিলা বিষয়ক অধিদপ্তরের ইনোভেশন টিম যাচাই করবে। এক্ষেত্রে জাতীয় মহিলা সংস্থা'র ইনোভেশন টিম প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।<br>উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার তথ্য স্ব স্ব তথ্য বাতায়নে হালনাগাদ করতে হবে।<br><br>বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ জাতীয় মহিলা সংস্থা। |
| বাংলাদেশ শিশু একাডেমি এর কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি | বাংলাদেশ শিশু একাডেমি হতে ইতিপূর্বে গৃহীত উদ্যোগ সমূহের মধ্যে ০৫ টি উদ্যোগ বাস্তবায়ন করা হয়েছে বলে জানানো হয়।<br>উদ্যোগসমূহ হচ্ছে – 'বাংলাদেশ শিশু একাডেমির মূল গেইট সংলগ্ন<br>একটি বই বিক্রয় ও  বিপণন কেন্দ্র স্থাপন', 'বাংলাদেশ শিশু একাডেমির বাগানের সৌন্দর্য বর্ধন', 'সিডি নির্মাণ', ''উঠব জেগে ছুটব বেগে' নামে শিশুদের জন্য জেগে উঠার গল্পের কর্মসূচি চালুকরণ', 'আমার কথা শোন শীর্ষক কর্মসূচি বাস্তবায়ন'।<br>২০২০-২০২১ অর্থবছরে গৃহীত 'অনলাইন কুইজ আয়োজন'  উদ্ভাবন উদ্যোগটি'র কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও সেবা সহজীকরণের আওতায় ৬ টি উদ্যোগ নেয়া হয়েছে।<br>প্রতিবেদন সংযুক্ত (পতাকা-গ) | বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক গৃহীত উদ্ভাবনী উদ্যোগ সমূহের বর্তমান সার্বিক অবস্থা বাসিএ এর ইনোভেশন টিম যাচাই করবেন। যে উদ্যোগ গুলো ইতোপূর্বে বাস্তবায়িত হয়েছে তা যদি কোন কারনে চলমান না থাকে তবে ইনোভেশন টিম ঐসকল উদ্যোগ চালু করার প্রয়োজনীয় পদক্ষেপ করবেন।<br>উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার তথ্য স্ব স্ব তথ্য বাতায়নে হালনাগাদ করতে হবে।<br><br>বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ বাংলাদেশ শিশু একাডেমি। |
| জয়িতা ফাউন্ডেশন এর কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি | জয়িতা ফাউন্ডেশন হতে ২০২০-২০২১ অর্থবছরে 'আনন্দমেলা -জয়িতা কর্নার' কার্যক্রমটি নেয়া হয়েছে যা চলমান।<br>সেবা সহজীকরণের আওতায় জয়িতা ফাউন্ডেশনের সাথে উদ্যোক্তাদের সার্বক্ষণিক যোগাযোগ স্থাপন ও সেবা আদান-প্রদান করার উদ্দেশ্যে "জয়িতা অ্যাপস" নির্মাণ করা হয়েছে।<br>ডিজিটাইজকৃত সেবা হিসেবে জয়িতা বিপণন কেন্দ্রে ক্রেতাদের পেমেন্ট ডিজিটাল পদ্ধতিতে সম্পন্ন করার জন্যে POS মেশিন স্থাপন করা হয়। ২০২০ সালে সেবাটি রাপা প্লাজায় জয়িতা বিপণন কেন্দ্রে চালু করা হয়।<br>প্রতিবেদন সংযুক্ত (পতাকা-ঘ) | জয়িতা ফাউন্ডেশন ইনোভেশন কর্মপরিকল্পনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করবেন। ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী আইডিয়া, সেবা সহজীকরণ এবং ডিজিটাল সেবা সমূহের বিস্তারিত তথ্য জয়িতা ফাউন্ডেশন এর ইনোভেশন টিম সংরক্ষণ করবেন। যে কোন ডিজিটাল সেবা প্রস্তুতকরণের সময় মন্ত্রণালয়ের আইসিটি শাখা'র মতামত গ্রহণ করতে হবে।<br>উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার তথ্য স্ব স্ব তথ্য বাতায়নে হালনাগাদ করতে হবে।<br><br>বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ জয়িতা ফাউন্ডেশন। |

| | | |
|---|---|---|
| মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় হতে ২০২০-২০২১ অর্থবছরে ‘প্রতিষ্ঠান ডাইরেক্টরি’ সফটওয়্যারটিউদ্ভাবনী উদ্যোগের আওতায় নেয়া হয়েছিল যা ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে এবং লিঙ্ক ওয়েবসাইটে দেয়া আছে। এছাড়াও ‘সেলাই মেশিন বরাদ্দকরণ প্রক্রিয়া সহজীকরণ’ উদ্যোগটি সেবা সহজীকরণের আওতায় নেয়া হয়েছিল যা ইতিমধ্যে বাস্তবায়িত হয়েছে। উদ্দোগটি’র আওতায় ডাটাবেজ নির্মাণের কাজ প্রায় শেষ পর্যায়ে। | দপ্তর/সংস্থা দ্রুত ‘প্রতিষ্ঠান ডাইরেক্টরি’ সফটওয়্যার এ মাঠ পর্যায়ের কর্মকর্তাদের তথ্য হালনাগাদ করবেন।<br>উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার তথ্য বাতায়নে হালনাগাদ করতে হবে। |

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

ফরিদা পারভীন
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৩২.০০.০০০০.০৩৪.১৬.০০১.২০.৮১

তারিখ: ১৭ ভাদ্র ১৪২৮
০১ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) দপ্তর প্রধান (সকল দপ্তর/সংস্থা), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (দৃষ্টি আকর্ষণঃ স্ব স্ব দপ্তরের ইনোভেশন অফিসার)

২) ইনোভেশন টিম, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

৩) অতিরিক্ত সচিব(প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

মোঃ ইনামুল হক
প্রোগ্রামার